

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৮৪

২/ সালাত (كتاب الصلاة)

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا الْأَسْوَدُ بْنُ قَيْسٍ، حَدَّثَنِي تُعْلَبَةُ بْنُ عِبَادِ الْعَبْدِيُّ، مِنْ أَهْلِ الْبَصْرَةِ أَنَّهُ شَهِدَ خُطْبَةً يَوْمًا لِسَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ قَالَ سَمُرَةُ بَيْنَمَا الْعَبْدِيُّ، مِنْ الْأَنْصَارِ نَرْمِي غَرَضَيْنِ لَنَا حَتَّى إِذَا كَانَتِ الشَّمْسُ قِيدَ رُمْحَيْنِ أَنْ ثَلَاثَةٍ فِي عَيْنِ النَّاظِرِ مِنَ الْأَفْقِ السُّودَتْ حَتَّى آضَت كَأَنَّهَا تَتُومَةٌ فَقَالَ أَحَدُنَا لِصَاحِبِهِ انْطَلِقْ بِنَا إِلَى الْمَسْجِدِ فَوَاللهِ لَيُحْدِثَنَّ شَأْنُ هَذِهِ الشَّمْسِ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي بنا إلَى الْمَسْجِدِ فَوَاللهِ لَيُحْدِثَنَّ شَأْنُ هَذِهِ الشَّمْسِ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي أَمْتِهِ حَدَثًا قَالَ فَدَفَعْنَا فَإِذَا هُو بَارِزٌ فَاسْتَقْدَمَ فَصَلَّى فَقَامَ بِنَا كَأَطُولِ مَا قَامَ بِنَا فِي صَلَاةٍ قَطُّ لَا نَسْمَعُ لَهُ صَوْتًا قَالَ ثُمَّ رَكَعَ بِنَا كَأَطُولِ مَا رَكَعَ بِنَا فِي صَلَاةٍ قَطُّ لَا نَسْمَعُ لَهُ صَوْتًا . ثُمَّ فَعَلَ فِي صَكَرةٍ قَطُّ لَا نَسْمَعُ لَهُ صَوْتًا ثُمَّ سَجَدَ بِنَا كَأَطُولِ مَا رَكَعَ بِنَا فِي صَلَاةٍ فِي الرَّكْعَةِ الثَّانِيَةِ قَالَ ثُمَّ لَا اللهُ وَسُهِدَ أَنَّهُ عَبْدُهُ وَرَسُولُهُ ثُمَّ اللّهُ وَشَهِدَ أَنَّهُ عَبْدُهُ وَرَسُولُهُ ثُمَّ سَكَمُ لَهُ وَلَاهُ وَسُمَعُ لَلْ إِللهَ إِلَا اللهُ وَشَهِدَ أَنَّهُ عَبْدُهُ وَرَسُولُهُ ثُمَّ سَلَمَ مُ لَكُ يُونُسَ خُطْبَةَ النَّبِيِّ صلى الله عليه وسلم .

_ ضعيف

বাংলা

১১৮৪। সামুরাহ ইবনু জুনদুব (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ও এক আনসারী যুবক তীর চালনা করছিলাম। এমন সময় সূর্য যখন লোকদের নজরে আনুমানিক দুই বা তিন তীর পরিমাণ উপরে উঠেছিল তখন তা কালোজিরা বা কালো ফলের মত হয়ে যায়। তখন আমাদের একজন তার সাথীকে বললো, চলো মসাজিদে যাই। আল্লাহর শপথ! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উম্মাতের উপর এ সূর্যের কারণে নিশ্চয়ই নতুন কিছু ঘটতে যাচ্ছে। বর্ণনাকারী বলেন, আমরা গিয়ে দেখি, তিনি বেরিয়ে এসে সম্মুখে অগ্রসর হয়ে সালাত আরম্ভ করেছেন।



তিনি আমাদেরকে নিয়ে সালাতে এত দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন যে, ইতিপূর্বে কখনো তিনি এত দীর্ঘক্ষণ দাঁড়াননি। তবে (নিঃশব্দে কিরাআত পড়ায়) আমরা সালাতের মধ্যে তাঁর কোন শব্দ শুনতে পাইনি। বর্ণনাকারী বলেন, অতঃপর তিনি আমাদেরকে নিয়ে রুকৃ' করলেন এবং এত লম্বা রুকৃ' করলেন যে, ইতিপূর্বে কখনো এত দীর্ঘ রুকৃ' করেননি। এতেও আমরা তাঁর (তাসবীহ পাঠের) শব্দ শুনতে পাইনি। বর্ণনাকারী বলেন, অতঃপর তিনি এত দীর্ঘ সিজদা করলেন যে, ইতিপূর্বে সালাতে কখনো এরূপ দীর্ঘ সিজদা করেননি। এতেও আমরা তাঁর কোন শব্দ শুনতে পাইনি।

অতঃপর দ্বিতীয় রাক'আতেও অনুরূপ করলেন। বর্ণনাকারী বলেন, তিনি দ্বিতীয় রাক'আতে বসা অবস্থায় থাকতেই সূর্য গ্রাসমুক্ত হয়ে যায়। অতঃপর তিনি সালাম ফিরিয়ে দাঁড়িয়ে আল্লাহর যথাযথ প্রশংসা ও গুন বর্ণনা করে সাক্ষ্য দেন যে, আল্লাহ ছাড়া অন্য কোন ইলাহ নেই এবং আরো সাক্ষ্য দেন যে, তিনি তাঁর বান্দাহ ও রসূল। অতঃপর আহমাদ ইবনু ইউনুস (রহঃ) তার বর্ণনায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ভাষণের বর্ণনা দেন।[1]

দুৰ্বল।

English

Narrated Samurah ibn Jundub:

When, a boy from the Ansar and I were shooting (arrows) towards two of our targets, the sun was sighted by the people at the height of two or three lances above the horizon. It became black like the black herb called tannumah.

One of us said to his companion: Let us go to the mosque; by Allah, this incident of the sun will surely bring something new in the community of the Messenger of Allah (ﷺ).

As we reached it, we suddenly saw that he (the Prophet) had already come out (of his house). He stepped forward for a long time as much as he could do so in the prayer. But we did not hear his voice. He then performed a bowing and prolonged it as much as he could do in the prayer. But we did not hear his voice. He then prostrated himself with us and prolonged it which he never did in the prayer before. But we did not hear his voice. He then did similarly in the second rak'ah. The sun became bright when he sat after the second rak'ah. Then he uttered the salutation. He then stood up, praised Allah, and extolled Him, and testified that there was no god but Allah and testified that he was His servant and apostle. Ahmad ibn Yunus then narrated the address of the Prophet ().



ফুটনোট

[1] এর সানাদ দুর্বল। এটি বর্ণনা করেছেন বুখারী 'আফ'আলুল 'ইবাদ' গ্রন্থে এবং নাসায়ী (অধ্যায় : সূর্য গ্রহণ, অনুঃ ১৫, হাঃ ১৪৮৩), তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ সূর্যগ্রহণের সালাতে ক্বিরাআত, হাঃ ৫৬২, ইমাম তিরমিয়ী বলেন, সামুরাহর হাদীসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ সূর্য গ্রহণের সালাত সম্পর্কে), আহমাদ (৫/১৬)। এর সানাদ দুর্বল। সনদে সা'রাবাহ ইবনু 'আব্বাদ সম্পর্কে হাফিয বলেনঃ মাকবুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন